গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, খাদ্য মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৭

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছর সমূহে (৩) প্রধান অর্জনসমূহ :**

খাদ্য মন্ত্রণালয় দেশের জনগণের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে নীতি ও কৌশল প্রণয়ন এবং তা বাস্তবায়নের দায়িত্ব পালন করছে। এ মন্ত্রণালয়ের যথাযথ উদ্যোগের ফলে বাজারে খাদ্যশস্যের সরবরাহ এবং বাজার মূল্য স্থিতিশীল রয়েছে। ক্রমাগতভাবে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি পাওয়ায় বিদেশ থেকে চাল আমদানি করতে হয়নি এবং শ্রীলংকায় ২৫,০০০ মেট্রিক টন চাল রপ্তানি করা হয়েছে। কৃষকদের অধিক হারে প্রণোদনা প্রদানের লক্ষ্যে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ১.০০ লক্ষ মেট্রিক টন হতে ৭.০০ লক্ষ মেট্রিক টনে উন্নীত করা হয়েছে এবং ধানের মূল্য কৃষকদের নিজস্ব ব্যাংক হিসাবে সরাসরি পরিশোধ করা হচ্ছে। সরকারি খাদ্য মজুদের ধারণক্ষমতা ২০.০০ লক্ষ মেট্রিক টনে উন্নীত হয়েছে। ''নিরাপদ খাদ্য আইন ২০১৩'' প্রণয়ন ও ''বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ'' গঠন এ মন্ত্রণালয়ের অন্যতম গুরুত্বপূর্ণ অর্জন।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

ক্রমবর্ধমান জনসংখ্যা, বিদ্যমান দারিদ্র্য ও অপুষ্টি দূরীকরণে কার্যকর খাদ্য ব্যবস্থাপনা পরিচালনার পাশাপাশি দেশের জনগণের জন্য নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিত করা এবং সরকারি পরিকল্পনা ও বাজেট অনুযায়ী আপদকালীন খাদ্য নিরাপত্তা মজুদ নিষ্পত্তির Innovative কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে পুষ্টি ও জলবায়ুর পরিবর্তনজনিত অভিযোজন অন্তর্ভূক্ত করে নিম্ন আয়ের জনগণ বিশেষ করে গার্মেন্টস ও শিল্প শ্রমিকদের জন্য নিয়মিত কর্মসূচিতে স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ সময়োপযোগীকরণ এবং জনসচেতনতা সৃষ্টি ও ভিজিলেন্স বৃদ্ধি করে "নিরাপদ খাদ্য আইন-২০১৩" সফল প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- কৃষকদের উৎসাহ মূল্য প্রদান এবং খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণের লক্ষ্যে ২১.৫০ লক্ষ মে: টন খাদ্যশস্য সংগ্রহ ;
- সমন্বিত বিতরণ কর্মসূচিতে ১২.০০ লক্ষ মে: টন খাদ্যশস্য বিতরণের মাধ্যমে বাজারমূল্য স্থিতিশীল করত: ভোক্তার খাদ্য প্রাপ্যতা সহজলভ্যকরণ ;
- ৬টি বিধি/প্রবিধি প্রণয়ন এবং বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে ৬টি সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে নিরাপদ খাদ্যের রেগুলেটরি ব্যবস্থার উন্নয়ন ;
- খাদ্যশস্যের মূল্য স্থিতিশীল রাখতে ১২.৫০ লক্ষ মে: টন খাদ্যশস্য ওএমএস এবং ইউনিয়ন পর্যায়ে সুলভ মূল্য কার্ডের মাধ্যমে বিক্রয় এবং
- খাদ্য গুদামের ধারণক্ষমতা ৫০ হাজার মেট্রিক টন বৃদ্ধিকরণ।

## উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, খাদ্য মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

সবার জন্য পর্যাপ্ত , নিরাপদ ও পুষ্টিকর খাদ্য

**১.২ অভিলক্ষ্য (Mission)**

সমন্বিত নীতি কৌশল এবং সরকারি খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য নিরাপদ, পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য সরবরাহ নিশ্চিত করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ এবং কৃষকদের প্রণোদনা মূল্য নিশ্চিতকরণ;
২. দরিদ্র ও হতদরিদ্র জনসাধারণের (বিশেষ করে মহিলা ও শিশুদের) জন্য খাদ্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ;
৩. নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন;
৪. খাদ্যনীতি, কৌশল ও ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ এবং
৫. খাদ্যশস্যের (চাল ও গম) মূল্য স্থিতিশীলতা নিশ্চিতকরণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. দেশের সার্বিক খাদ্য ব্যবস্থাপনা ও নীতি-কৌশল প্রণয়ন, বাস্তবায়ন ও খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণ;
২. খাদ্যশস্যের আমদানি-রপ্তানি ও বেসামরিক সরবরাহ;
৩. খাদ্যশস্য (চাল ও গম) সংগ্রহ, মজুদ, বিতরণ ও চলাচল;
৪. খাদ্যশস্যের মূল্য নির্ধারণ, মূল্যের স্থিতিশীলতা আনয়ন ও প্রাপ্যতা সহজলভ্যকরণ;
৫. পর্যাপ্ত খাদ্যশস্য মজুদ সংরক্ষণ, খাদ্যের মান পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ;
৬. খাদ্য পরিকল্পনা, গবেষণা ও পরিধারণ এবং
৭. নিরাপদ খাদ্য আইন-২০১৩ বাস্তবায়ন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| কৃষকদের জন্য প্রণোদনা মূল্য স্থিতিশীল রাখা | চালের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.১৬ | ১.১১ | ১.১১ | ১.১১ | ১.১১ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| | গমের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| সাশ্রয়ী মূল্যে দরিদ্র মানুষের খাদ্যশস্য (চাল/গম/আটা) প্রাপ্তি | চালের ওএমএস মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৭৭ | ০.৬২ | ০.৮০ | ০.৮০ | ০.৮০ | বাণিজ্য মন্ত্রণালয় | খাদ্য অধিদপ্তর |
| | গমের ওএমএস মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৭৪ | ০.৭২ | ০.৭৮ | ০.৭৮ | ০.৭৮ | বাণিজ্য মন্ত্রণালয় | খাদ্য অধিদপ্তর |
| পুষ্টি পরিস্থিতির উন্নতি | অপুষ্টির হার | % | ১৬.৯০ | ১৬.৪০ | ১৬.০০ | ১৫.৫০ | ১৫.০০ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | এফএও |
| পিএফডিএস খাতে খাদ্যের অপচয় হ্রাস | হ্রাসকৃত মজুদ ঘাটতির হার | % | ০.৬০ | ০.৬০ | ০.৫৫ | ০.৫০ | ০.৪৫ | -- | খাদ্য অধিদপ্তর |
| | হ্রাসকৃত পরিবহণ ঘাটতির হার | % | ০.১২ | ০.১২ | ০.১২ | ০.১১ | ০.১১ | --- | খাদ্য অধিদপ্তর |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ এবং কৃষকদের প্রণোদনা মূল্য নিশ্চিতকরণ; | ৩০ | [১.১] অভ্যন্তরীণ ধান এবং চাল সংগ্রহ | [১.১.১] সংগৃহীত ধান ও চাল | লক্ষ মে: টন | ৭.০০ | ১২.৮৯ | ১৪.৭১ | ১৮.৫০ | ১৭.৫০ | ১৬.৫০ | ১৫.৫০ | ১৫.০০ | ১৮.৫০ | ১৮.৫০ |
| | | [১.২] নিজস্ব সম্পদে গম আমদানি | [১.২.১] আমদানিকৃত গম | লক্ষ মে: টন | ৫.০০ | ৮.৫৩ | ৩.৩০ | ৫.০০ | ৪.৫০ | ৪.০০ | ৩.৫০ | ৩.০০ | ৫.০০ | ৫.০০ |
| | | [১.৩] বছর শেষে ন্যূনতম মজুদ গড়ে তোলা | [১.৩.১] মজুদকৃত খাদ্যশস্য | লক্ষ মে: টন | ৭.০০ | ১১.৫৩ | ১০.০০ | ১৩.২৫ | ১২.৭৫ | ১২.২৫ | ১১.৭৫ | ১১.২৫ | ১৩.৫০ | ১৪.০০ |
| | | [১.৪] অভ্যন্তরীণ উৎস হতে গম সংগ্রহ | [১.৪.১] সংগৃহীত গম | লক্ষ মে: টন | ৩.০০ | ২.০৫ | ২.০০ | ৩.০০ | ২.৭৫ | ২.৫০ | ২.৫০ | ২.২৫ | ৩.০০ | ৩.০০ |
| | | [১.৫] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | [১.৫.১] মেরামতকৃত ধারণ ক্ষমতা | হাজার মে: টন | ৩.০০ | ৩৫ | ৩৭.৭৫ | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | | ৪৫ | ৫০ |
| | | [১.৬] নতুন এবং আধুনিক গুদাম নির্মাণ | [১.৬.১] ধারণ ক্ষমতা বর্ধিত | হাজার মে: টন | ৩.০০ | ৩৫ | ৫০ | ৫০ | ৪৮ | ৪৬ | ৪৪ | ৪২ | ৫৫ | ১০০ |
| | | [১.৭] গুদাম ঘাটতি কমানো | [১.৭.১] হ্রাসকৃত ঘাটতির হার | % | ১.০০ | ০.৬০ | ০.৬০ | ০.৫৫ | ০.৫০ | ০.৪৫ | ০.৪০ | | ০.৫০ | ০.৪৫ |
| | | [১.৮] ট্রানজিট লস কমানো | [১.৮.১] হ্রাসকৃত ঘাটতির হার | % | ১.০০ | ০.১২ | ০.১২ | ০.১২ | ০.১১ | ০.১০ | ০.০৯ | | ০.১১ | ০.১১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] দরিদ্র ও হতদরিদ্র জনসাধারণের (বিশেষ করে মহিলা ও শিশুদের) জন্য খাদ্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ; | ১৭ | [২.১] লক্ষমুখী কর্মসূচিতে চাল ও আটা বিতরণ | [২.১.১] বিতরণকৃত পরিমান | লক্ষ মে: টন | ১৭.০০ | ১২.২৮ | ৭.২৭ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১৩ | ১৪ |
| [৩] নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন; | ১৫ | [৩.১] আইন/বিধি প্রণয়ণ | [৩.১.১] বিধি প্রণীত | সংখ্যা | ৫.০০ | | ৩ | ৬ | ৫ | ৪ | | | ৮ | ২ |
| | | [৩.২] খাদ্যের মান পরীক্ষা | [৩.২.১] পরীক্ষিত নমুনার সংখ্যা | সংখ্যা | ৪.০০ | ৩৫১ | ৩৬০ | ৪০০ | ৩৯০ | ৩৮০ | ৩৭০ | ৩৬০ | ৪২৫ | ৪৫০ |
| | | [৩.৩] সচেতনতা বৃদ্ধি | [৩.৩.১] অনুষ্ঠিত ইভেন্ট | সংখ্যা | ৪.০০ | | | ১০ | ৯ | ৮ | ৭ | | ১২ | ১৪ |
| | | [৩.৪] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | [৩.৪.১] সরবরাহকৃত পরিমান | হাজার মে: টন | ২.০০ | | ১.০০ | ৮.২০ | ৮.০০ | ৭.৯০ | ৭.৮০ | ৭.৬০ | ১৬ | ২৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] খাদ্যনীতি, কৌশল ও ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ এবং | ১২ | [৪.১] খাদ্যনীতি মনিটরিং | [৪.১.১] রিপোর্ট প্রকাশিত | সংখ্যা | ৫.০০ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | | | ৫ | ৫ |
| | | [৪.২] আন্ত:সংস্থা সমন্বয় | [৪.২.১] সমঝোতা স্মারকের সংখ্যা | সংখ্যা | ৩.০০ | | ০ | ৬ | ৫ | ৪ | | | ১০ | ১৫ |
| | | [৪.৩] মজুদ ও পরিবহণ পদ্ধতি উন্নয়ন | [৪.৩.১] আধুনিক ধারণ ক্ষমতার হার (মোট ধারণ ক্ষমতার তুলনায়) | % | ২.০০ | ০.১৩ | ০.১৭ | ০.২০ | ০.১৮ | ০.১৬ | ০.১৪ | | ০.২৪ | ০.৩০ |
| | | [৪.৪] খাদ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত জনবলের সংখ্যা | [৪.৪.১] জনবলের পরিমান | সংখ্যা | ১.০০ | ৩৬২ | ৩৬৯ | ৫৫০ | ৫২৫ | ৫০০ | ৪৫০ | ৪২৫ | ৬০০ | ৬৫০ |
| | | [৪.৫] উর্ধ্বতন কর্মকর্তাদের পরিদর্শনের সংখ্যা | [৪.৫.১] পরিদর্শনের পরিমান | সংখ্যা | ১.০০ | | ১৫ | ২১ | ১৯ | ১৭ | ১৬ | ১৫ | ২৪ | ২৭ |
| [৫] খাদ্যশস্যের (চাল ও গম) মূল্য স্থিতিশীলতা নিশ্চিতকরণ। | ৬ | [৫.১] খোলা বাজারে চাল ও আটা বিক্রি | [৫.১.১] বিতরণকৃত পরিমান | লক্ষ মে: টন | ৩.০০ | ৫.০১ | ৪.০০ | ৫.০০ | ৪.৭৫ | ৪.৫০ | ৪.২৫ | ৪.০০ | ৬.৫০ | ৭.৫০ |
| | | [৫.২] ইউনিয়ন পর্যায়ে সুলভ মূল্য কার্ড কর্মসূচি | [৫.২.১] বিতরণকৃত পরিমান | লক্ষ মে: টন | ৩.০০ | | | ৭.৫০ | ৭.০০ | ৬.৫০ | ৬.০০ | ৫.৫০ | ৭.৫০ | ৭.৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, খাদ্য মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, খাদ্য মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ১৮/০৭/২০১৬<br>............................................ |
| সচিব<br>খাদ্য মন্ত্রণালয় | তারিখ |
| ............................................ | ১৮.০৭.১৬<br>............................................ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচারাল অর্গানাইজেশন |
| ২ | এফপিসি | ফেয়ার প্রাইস কার্ড |
| ৩ | এফপিএমইউ | ফুড প্লানিং এন্ড মনিটরিং ইউনিট |
| ৪ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৫ | ওএমএস | ওপেন মার্কেট সেল |
| ৬ | পিএফডিএস | পাবলিক ফুড ডিস্ট্রিবিউশন সিস্টেম |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] অভ্যন্তরীণ ধান এবং চাল সংগ্রহ | [১.১.১] সংগৃহীত ধান ও চাল | বাজেট বরাদ্দের বিপরীতে সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থায় খাদ্যশস্য সরবরাহের পাশাপাশি নিরাপত্তামূলক খাদ্য মজুদ সংরক্ষণের জন্য অভ্যন্তরীণ উৎস হতে চাল সংগ্রহ করা হয়। এ কার্যক্রম বাস্তবায়নের ফলে উৎপাদক কৃষকগণকে তাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তির সুযোগ বৃদ্ধি করা হয়ে থাকে | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] নিজস্ব সম্পদে গম আমদানি | [১.২.১] আমদানিকৃত গম | দেশে গমের উৎপাদন চাহিদার তুলনায় কম হওয়ায় সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থায় গম বিতরণ নির্বিঘ্ন রাখার জন্য নিজস্ব সম্পদে সরকার টু সরকার বা আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বিদেশ থেকে গম আমদানি করতে হয় | খাদ্য অধিদপ্তর | চুক্তি ও shipment lot ভিত্তিক Find Discharge Report (FDR) | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] বছর শেষে ন্যূনতম মজুদ গড়ে তোলা | [১.৩.১] মজুদকৃত খাদ্যশস্য | জলবায়ু পরিবর্তনজনিত উৎপাদন ঝুঁকি বিশেষতঃ প্রাকৃতিক দুর্যোগ, খরা, বন্যা ইত্যাদি কারণে ফসলহানির ফলে সম্ভাব্য প্রতিকূল পরিস্থিতি মোকাবেলার জন্য আপতকালীন মজুদ হিসেবে বছর শেষে খাদ্যশস্যের স্থিতির পরিমান ১০ লক্ষ মেট্রিক টন সংরক্ষণ করা হয় | খাদ্য অধিদপ্তর | বার্ষিক বাস্তব যাচাই প্রতিবেদন (APVR) | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] অভ্যন্তরীণ উৎস হতে গম সংগ্রহ | [১.৪.১] সংগৃহীত গম | চাহিদার মাত্র ১/৪ অংশ গম দেশে উৎপাদিত হয়। এ উৎপাদন তথা অভ্যন্তরীণ উৎস্ হতে উল্লেখযোগ্য পরিমাণ গম সংগ্রহ করা হয়। এতে গমের মজুদ যেমনি বাড়ে তেমনি কৃষকদের ন্যায্য মূল্য প্রাপ্তির পথ সুগম হয়। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | [১.৫.১] মেরামতকৃত ধারণ ক্ষমতা | খাদ্য নিরাপত্তার অন্যতম অনুসংগ খাদ্যশস্য মজুদের জন্য পর্যাপ্ত ধারণক্ষমতা বৃদ্ধি। ধারণক্ষমতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে সারাদেশে পুরাতন ও জরাজীর্ণ ফ্লাট গুদাম মেরামত ও রক্ষণাবেক্ষণ করতে হয় | খাদ্য অধিদপ্তর | এডিপি বাস্তবায়ন অগ্রগতি | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] নতুন এবং আধুনিক গুদাম নির্মাণ | [১.৬.১] ধারণ ক্ষমতা বর্ধিত | ২০২১ সাল নাগাদ মজুদ ক্ষমতা ৩ মিলিয়ন মেট্রিক টনে উন্নীত করা | খাদ্য অধিদপ্তর | এডিপি বাস্তবায়ন অগ্রগতি | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] গুদাম ঘাটতি কমানো | [১.৭.১] হ্রাসকৃত ঘাটতির হার | ৬ মাস পর্যন্ত ০.৫% এবং পরবর্তী প্রতি ৩ মাসের জন্য ০.২৫% গুদাম ঘাটতি গ্রহণযোগ্য | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | খাদ্য অধিদপ্তর |
| [১.৮] ট্রানজিট লস কমানো | [১.৮.১] হ্রাসকৃত ঘাটতির হার | ০.১২৫% পর্যন্ত পরিবহন ঘাটতি গ্রহণযোগ্য | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | খাদ্য অধিদপ্তর |
| [২.১] লক্ষমুখী কর্মসূচিতে চাল ও আটা বিতরণ | [২.১.১] বিতরণকৃত পরিমান | বাজারে খাদ্যশস্যের মূল্য স্থিতিশীল রাখা, খাদ্যশস্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ এবং সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থা (পিএফডিএস) বিশেষতঃ সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে বাজেট বরাদ্দ ও চাহিদা অনুযায়ী চাল ও গম বিক্রয় ও বিলি বিতরণ নির্বিঘ্ন রাখতে হয়। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] আইন/বিধি প্রণয়ণ | [৩.১.১] বিধি প্রণীত | নিরাপদ খাদ্য আইন-২০১৩ বাস্তবায়নের আওতায় বিধি ও প্রবিধি প্রণয়ন করতে হবে | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] খাদ্যের মান পরীক্ষা | [৩.২.১] পরীক্ষিত নমুনার সংখ্যা | খাদ্য অধিদপ্তর তার পরীক্ষাগারে সংগৃহীত নমুনা পরীক্ষা করে থাকে। সারা বছর এ ধারণের পরীক্ষিত নমুনার সংখ্যা সূচক হিসেবে নেয়া হয়েছে। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] সচেতনতা বৃদ্ধি | [৩.৩.১] অনুষ্ঠিত ইভেন্ট | খাদ্য ভেজাল রোধে সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকারের সভা/সেমিনার আয়োজন করা হবে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | [৩.৪.১] সরবরাহকৃত পরিমান | লক্ষমুখী কর্মসূচিতে চাল বিতরণ এবং ইউনিয়ন পর্যায়ে সুলভ মূল্য কার্ড কর্মসূচির মাধ্যমে অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ করা হবে। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | খাদ্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেন |
| [৪.১] খাদ্যনীতি মনিটরিং | [৪.১.১] রিপোর্ট প্রকাশিত | খাদ্য নীতি/ব্যবস্থাপনা মনিটরিং এর অংশ হিসেবে এফপিএমইউ হতে বাৎসরিক ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রকাশ করা হয়। | এফপিএমইউ | প্রকাশিত রিপোর্ট | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] আন্ত:সংস্থা সমন্বয় | [৪.২.১] সমঝোতা স্মারকের সংখ্যা | নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সাথে MoU/ চুক্তি স্বাক্ষর করবে | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | স্বাক্ষরিত স্মারকের সংখ্যা | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] মজুদ ও পরিবহণ পদ্ধতি উন্নয়ন | [৪.৩.১] আধুনিক ধারণ ক্ষমতার হার (মোট ধারণ ক্ষমতার তুলনায়) | নতুন প্রযুক্তি নির্ভর ও আধুনিক গুদাম ও সাইলো নির্মাণ করে জাতীয় ধারণ ক্ষমতা বৃদ্ধি পূর্বক খাদ্যশস্য যথাযথ প্রক্রিয়ায় মান সম্মতভাবে মুজদ করণ এবং যুক্তিযুক্তভাবে সময়োপযোগী সাশ্রয়ী পরিবহন পদ্ধতি প্রবর্তন। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] খাদ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত জনবলের সংখ্যা | [৪.৪.১] জনবলের পরিমান | বিভিন্ন শ্রেণীর মোট জনবলকে ধাপে ধাপে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও যোগ্য কর্মিবাহিনীতে গড়ে তোলা। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | খাদ্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেন |
| [৪.৫] উর্ধ্বতন কর্মকর্তাদের পরিদর্শনের সংখ্যা | [৪.৫.১] পরিদর্শনের পরিমান | খাদ্য মন্ত্রণালয় ও খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের স্থাপনাসমূহ নিয়মিত পরিদর্শনের মাধ্যমে প্রচলিত বিধি বিধান প্রতিপালন করা। | খাদ্য মন্ত্রণালয় | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] খোলা বাজারে চাল ও আটা বিক্রি | [৫.১.১] বিতরণকৃত পরিমান | বাজারে খাদ্যশস্য বিশেষতঃ চাল ও আটার মূল্য উর্দ্ধ গতি রোধকল্পে সরকারি গুদাম থেকে পরিকল্পনামাফিক খাদ্যশস্য ছাড় করে বাজার মূল্য নিয়ন্ত্রণ করা হয়। এ পরিকল্পনার অধীনে খোলাবাজারে ওএমএস পদ্ধতিতে বিক্রয় করা হয়। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] ইউনিয়ন পর্যায়ে সুলভ মূল্য কার্ড কর্মসূচি | [৫.২.১] বিতরণকৃত পরিমান | স্বল্প আয়ের চিহ্নিত জনগোষ্ঠীকে সুলভমূল্য কার্ডের মাধ্যমে নির্ধারিত পরিমান চাল-গম-আটা পরিকল্পনা মোতাবেক বছরে নির্ধারিত সময়ে সরবরাহ পূর্বক খাদ্য নিরাপত্তায় ভূমিকা রাখা। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | খাদ্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | মজুদকৃত খাদ্যশস্য | বছরের শুরুতেই কার্যক্রম গ্রহণ | সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচী যথাযথ বাস্তবায়নের মাধ্যমে সার্বিক খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা। | পরিকল্পনা বাস্তবায়নে বিরূপ প্রভাব পড়তে পারে |
| মন্ত্রণালয় | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | মেরামতকৃত ধারণ ক্ষমতা | মানসম্মত আধুনিক প্রযুক্তি নির্ভর নতুন গুদাম নির্মাণ ও পুরাতন গুদাম মেরামতে সহায়তা | সংরক্ষিত খাদ্যশস্যের মান দীর্ঘদিন অক্ষুন্ন রেখে গুদাম ঘাটতির হার হ্রাস করা ও অধিক মানসম্মত খাদ্যশস্য বিলি বিতরণ করা। | লক্ষ্যমাত্রা অর্জিত হবেনা |
| মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমান | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি করা | সুবিধাভোগী শ্রেণীর সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মান উন্নয়ন করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি নিশ্চিত করা। | বিতরণ লক্ষমাত্রা অর্জিত হবেনা |
| মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমান | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি করা | সুবিধাভোগী শ্রেণীর সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মান উন্নয়ন করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি নিশ্চিত করা। | বিতরণ লক্ষ্যমাত্রাঅর্জিত হবে না |